

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে আওতায় বাগেরহাট পওর বিভাগাধীন চলমান প্রকল্প সমূহের বিবরণ

০১। “পানগুছি নদীর ভাঙ্গন হতে বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলা সদর ও সংলগ্ন এলাকা সংরক্ষণ এবং বিশখালী নদী পুনঃখনন” শীর্ষক প্রকল্পঃ

“পানগুছি নদীর ভাঙ্গন হতে বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলা সদর ও সংলগ্ন এলাকা সংরক্ষণ এবং বিশখালী নদী পুনঃখনন” শীর্ষক প্রকল্পটি ১৯-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৬৫৮.৮৩১৮ কোটি (ছয়শত আটাত্ত কোটি তিরিশি লক্ষ আট হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২২ হতে ডিসেম্বর ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পটির কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২। JICA অর্থায়নে Disaster Risk Management Enhancement Project (Component-1)” শীর্ষক প্রকল্পঃ

বাগেরহাট পওর বিভাগ, বাপাউবো, বাগেরহাট এর আওতাধীন JICA অর্থায়নে Disaster Risk Management Enhancement Project (Component-1)” শীর্ষক প্রকল্পের আওতায় নাজিরপুর উপ-প্রকল্প এর ভৈরব নদীর বাম তীরে কেশবপুর নাম স্থানে কিঃমিঃ ১৭.১৩০ হতে কিঃমিঃ ১৭.১৮০ = ০.০৫০ কিঃমিঃ এবং কিঃমিঃ ১৭.২০০ হতে কিঃমিঃ ১৭.৩২০ = ০.১২০ কিঃমিঃ মোট = ০.১৭০ কিঃমিঃ স্থায়ী নদী তীর প্রতিরক্ষা এবং পোল্ডার নং-৩৫/১ এর ফাসিয়াতলা নামক স্থানে (2- Vent 2.00m x 1.80 m) রেগুলেটর নির্মাণ কাজ চলমান রয়েছে।